কুষ্টিয়ায় পার্সেলে রাখা বোমা বিস্ফোরণে ভ্যানচালক আহত

কুষ্টিয়া সদর উপজেলায় একটি পার্সেলে রাখা ‘বোমা’ বিস্ফোরণে নাসির শেখ (৫০) নামের এক ভ্যানচালক আহত হয়েছেন। সোমবার (২৭ এপ্রিল) রাত ১০টার দিকে উপজেলার লাহিনী বটতলা এলাকায় এ ঘটনা ঘটে।

পুলিশ ঘটনাস্থল থেকে ব্যাটারিসহ বেশ কিছু সামগ্রী উদ্ধার করেছে। এ ঘটনায় এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়েছে। আহত নাসির শেখ লাহিনী কর্মকার পাড়ার বাহের শেখের ছেলে। তাকে কুষ্টিয়া সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে।

প্রত্যক্ষদর্শীরা জানান, রাতে দুজন অপরিচিত ব্যক্তি ভ্যানচালক নাসিরকে ৩০ টাকা ভাড়া দিয়ে একটি ব্যাগভর্তি পার্সেল লাহিনী জোয়ার্দার পাড়ার বাসিন্দা হামিদুল ইসলামের বাড়িতে পৌঁছে দিতে বলেন।

পার্সেলটি নিয়ে হামিদুল ইসলামের বাড়িতে গেলে তিনি সেটি গ্রহণে অস্বীকৃতি জানান। পরে পার্সেলটি নিয়ে পুনরায় লাহিনী বটতলা এলাকায় ফিরে আসেন নাসির। সেখানে একটি ফলের দোকানের সামনে স্থানীয়দের উপস্থিতিতে পার্সেলটি খোলা হলে ভেতরে একটি কাঠের বাক্স পাওয়া যায়। বাক্সটি খোলার সঙ্গে সঙ্গেই সেটি বিস্ফোরিত হয়।

আহত নাসির শেখ জানান, পার্সেল দেওয়া দুই ব্যক্তিকে তিনি চিনতেন না। তারা নিজেদের গাড়ির ড্রাইভার পরিচয় দিয়েছিল এবং হামিদুল ইসলামের সঙ্গে পরিচিত বলে দাবি করেছিল। বিস্ফোরণে পাশের একটি ফলের দোকানের ফ্রিজ ক্ষতিগ্রস্ত হয়েছে।

হামিদুল ইসলাম বলেন, তিনি কোনো পার্সেল অর্ডার করেননি, তাই সেটি গ্রহণ করেননি। তিনি পূর্ব শত্রুতার জেরে কিছু ব্যক্তিকে এ ঘটনার সঙ্গে জড়িত থাকতে পারেন বলে সন্দেহ করছেন।

কুষ্টিয়া সদর হাসপাতালের আবাসিক চিকিৎসা কর্মকর্তা (আরএমও) হোসেন ইমাম জানান, আহত ব্যক্তি বর্তমানে শঙ্কামুক্ত। স্লিন্টার জাতীয় কিছুর আঘাতে তার শরীরের নিম্নাংশে আঘাত লেগেছে। প্রাথমিকভাবে ব্যাটারি বিস্ফোরণের বিষয়টি উল্লেখ করা হয়েছে।